

Zwii L : 29 tk Gwccj 2009

তঁচঁ বেআঁ

ব্রিটিশ নৌবাহিনী কর্তৃক সম্প্রীতির নিদর্শন হিসাবে বিধবাকে ঘর প্রদান

অদ্য ৩০শে এপ্রিল সকাল ১০টায় কক্সবাজার জেলার দ্বীপ থানা কুতুবদিয়ায় ব্রিটিশ রাজকীয় নৌবাহিনী ও ডিএফআইডি এর আর্থিক সহায়তায় এবং মানুষের জন্য ফাউন্ডেশন ও কোস্ট ট্রাস্টের সহযোগীতায় আলী আকবর ডেইল ইউনিয়নের জলদাশ পাড়ার দরিদ্র বিধবা রজবালা কে একটি ঘর হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুতুবদিয়া উপজেলা চেয়ারম্যান এটিএম নুরুল বশর চৌধুরী। সভায় প্রধান অতিথি ছিলেন কক্সবাজার-২(মহেশখালী-কুতুবদিয়া) আসনের সাংসদ এ এইচ এম হামিদুর রহমান আযাদ, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্রিটিশ নৌবাহিনীর প্রতিনিধি মি: মাইক, উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব জাফর আলম, উত্তর ধুবুং ইউপি চেয়ারম্যান জনাব আসম শাহরিয়ার চৌধুরী, দক্ষিণ ধুবুং ইউপি চেয়ারম্যান জনাব ছৈয়দ আহমদ চৌধুরী, কৈয়ারবিল ইউপি চেয়ারম্যান জনাব জালাল আহমদ, মুক্তিযোদ্ধা কমান্ডার জনাব নুরুছাফা বি.কম। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জনাব এফ এম নুরুল আলম, জনাব জগৎ হরি জলদাস, জনাব শুধাংশু জলদাস প্রমুখ।

আলী আকবর ডেইল জেলে পাড়ায় ব্রিটিশ রাজকীয় নৌবাহিনী ও ডিএফআইডি এর আর্থিক সহায়তায় এবং মানুষের জন্য ও কোস্ট ট্রাস্টের সহযোগীতায় ৬ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত একটি সাইক্লোন সহনীয় ঘর হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন ব্রিটিশ সরকার কর্তৃক বিধবা ও বাস্তহারা নারীকে পূর্ণবাসন করার জন্য দ্বিতল বিশিষ্ট আবাসন প্রদান করায় ব্রিটিশ সরকারকে আন্তরিক ধন্যবাদ জানান। মহতি উদ্যোগের আরো এরকম অনেক বিধবা বা হত দরিদ্র পরিবারকে অনুরূপ ঘর প্রদান করার জন্য অনুরোধ জানান। এ ছাড়াও কুতুবদিয়ার চতুর্দিকে টু-ইন-ওয়াল ব্যবহার করে টেকসই ও স্থায়ী বেড়ী বাঁধ নির্মাণ করে দ্বীপের দেড় লাখ জনবসতিকে রক্ষা করার আহবান জানান। তিনি একটি লিখিত পরিকল্পনা ব্রিটিশ নৌবাহিনীর সংশ্লিষ্টদের কাছে দেন এবং ব্রিটিশ সরকারের সাড়া আশা করেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, কুতুবদিয়া রক্ষার জন্য স্থায়ী বেড়ী বাঁধ তৈরির পাশাপাশি ম্যানগ্রোভ ফরেস্ট, ঝাউ বাগান, সামাজিক বনায়ন সৃষ্টি করার কাজে সহযোগীতা করার জন্য ব্রিটিশ রাজকীয় নৌবাহিনীর প্রতি আহবান জানান।

ব্রিটিশ রাজকীয় নৌবাহিনীর প্রতিনিধি মি: মাইক বলেন আমরা মানুষের জন্য কাজ করি, ১৯৯১ সনের ঘূর্ণিঝড় আমি টেলিভিশনের মাধ্যমে দেখে খুব মর্মান্বিত হয়েছি। তখন থেকেই ঘূর্ণি দুর্গত মানুষের পাশে দাড়ানোর জন্য প্রবল ইচ্ছা পোষন করি। আমি এই দ্বীপে এসে স্বজন হারা মানুষের পাশে দাড়াতে পেরে গর্ববোধ করি।

১৯৯১ সনের ২৯ এপ্রিলের প্রলয়ংকারী ঘূর্ণিঝড়ে স্বামী-সন্তান হারা রজবালা জলদাশকে ব্রিটিশ রাজকীয় নৌবাহিনী ও ডিএফআইডি এর আর্থিক সহায়তায় এবং মানুষের জন্য ও কোস্ট ট্রাস্টের সহযোগীতায় “সৌহার্দের ঘর” মডেল হিসেবে তৈরিকৃত ঘরের দলিল হস্তান্তর করেন উপজেলা চেয়ারম্যান জনাব এটিএম নুরুল বশর চৌধুরী।

ব্রিটিশ নৌবাহিনীর ১৩ জন সদস্য উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তারা গত কাল থেকে উক্ত ঘরের শেষের দিকের কাজে নিজেরা সরাসরি অংশগ্রহন করেন। মূলত এটি তাদের মহড়ার একটি অংশ এবং যাকে তারা সামাজিক কর্মকান্ড বাস্তবায়ন হিসাবে দেখছেন।

সার্বিক অনুষ্ঠান পরিচালনা করেন কোস্ট ট্রাস্টে নির্বাহী পরিচালক জনাব রেজাউল করিম চৌধুরী।

বার্তা প্রেরক

শাহজালাল ফারুকী

সমন্বকারী-সামাজিক ন্যায়বিচার বিভাগ

কোস্ট ট্রাস্ট

ফোন: ০১৭১৩৩২৮৮১২